মক্কা প্রতিরক্ষা চুক্তিতে তুরস্কের পার্লামেন্টের অনুমোদন



ছবি: সংগৃহীত

তুরস্ক, পাকিস্তান ও সৌদি আরবের মধ্যে স্বাক্ষরিত মক্কা যৌথ প্রতিরক্ষা চুক্তির অনুমোদন দিয়েছে তুরস্কের পার্লামেন্ট। বৃহস্পতিবার (৫ নভেম্বর) সাধারণ অধিবেশনে বিভিন্ন রাজনৈতিক দলের আলোচনার পর চুক্তিটি অনুমোদিত হয়।

ভোটাভুটিতে চুক্তির পক্ষে ২৭৯ জন পার্লামেন্ট সদস্য ভোট দেন। বিপক্ষে ভোট পড়ে ১১৯টি। এ ছাড়া ভোটদানে বিরত থাকেন ৩৯৮ জন সদস্য।

এর আগে বুধবার পার্লামেন্টে চুক্তির প্রথম অনুচ্ছেদ অনুমোদন করা হয়েছিল। চুক্তিটিতে মোট ১৬টি অনুচ্ছেদ রয়েছে।

গত ৭ আগস্ট মক্কায় অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সম্মেলনে তুরস্ক, পাকিস্তান ও সৌদি আরবের মধ্যে এ যৌথ প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তির শর্ত অনুযায়ী, তিন দেশের যেকোনো একটির ওপর সশস্ত্র হামলা হলে তা বাকি দুই দেশের ওপরও হামলা হিসেবে বিবেচিত হবে।

LENS ASIA